

ইতিহাস কাঁপানো মানুষ মোহিনী মোহন গণ্ণেগাপাধ্যায়

ভৈরবীর জটা ছিঁড়ে পঞ্চমুন্ডি আসন কাঁপিয়ে এই দ্যাখ্ আগুন এনেছি

আগুনে পোড়াবো মৃত্যু জীবনকে রাঙাবো
ধ্বংসের উপরে বসে সৃষ্টি মন্ত্র উচ্চারণ করে
উদ্যত সংহার আমি শেষ করে যাবো।

কাল ভৈরবের ডাক শুনতে শুনতে মাতাল শিবের গাজনেতে
তোরা থাক চিৎ হয়ে শুয়ে বুকে নিয়ে ক্রীতদাস যন্ত্রণার ভার
ছায়ার সঙ্গে ছায়া মায়া কাননের ফুল হাতে নিয়ে
মূল ছিঁড়ে কোন্ স্বর্গ চাস ?

আমি রক্ত যজ্ঞ থেকে উঠে আসা অবিনাশী দুরন্ত আগুন
নিঃশব্দে পুড়িয়ে ফেলবো আগাছা জঞ্জাল।
গোধরা গুজরাট কিংবা জম্মু কাশ্মীরে
যে সব ঘাতক নৃত্য করেছে ছুরি হাতে এজিদের মতো
তাদেরকে চিনেছি আমি এরা সব কেশপুর নানুর সিঞ্জুরে
নন্দীথামে হেসে উঠছে তাদের হনন স্পৃহা আজো ভয়ঙ্কর।

বিষাক্ত বাতাসে উড়ছে গোপন ভাইরাস।

ভৈরবীর ভাঁটা ছিঁড়ে এনছি আগুন - সে আগুনে মৃত্যুকে পোড়াবো
আনন্দে ফোঁটাবো রাঙাফুল
ইতিহাস কাঁপানো মানুষ আমি শুরু করবো যুদ্ধ তুমুল।